দৈনিক ইত্তেফাক

তারিখ 24 FEB 2016 পৃষ্ঠা 28 কলাম 6

# মতলবে ১১ শিক্ষকের অব্যাহতি সাত পরীক্ষার্থী বহিষ্কার

■ মতলব উত্তর (চাঁদপুর) সংবাদদাতা

চলতি এসএসসি ও সমমানের পরীক্ষায় অনিয়মের অভিযোগে ১১ শিক্ষকের অব্যাহতি ও ৭ পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। এরমধ্যে ফরাজীকান্দি কামিল মাদ্রাসা পরীক্ষা কেন্দ্রেই ৯ শিক্ষকের অব্যাহতি ও ৬ পরীক্ষার্থী বহিষ্কার হয়। অব্যাহতি দেয়া শিক্ষকরা হলেন নেদায়ে ইসলাম মহিলা মাদ্রাসার অশাব উদ্দিন, মমতাজ রহমান, মহসীন উদ্দিন, নুরুজ্জামান রাড়ীকান্দি মাদ্রাসা, হোসাইন আহমাদ আমিয়াপুর মাদ্রাসা, হাবীবুর রহমান দশানী মাদ্রাসা, তাজুল ইসলাম রসুলপুর মাদ্রাসা, মনজুর আহমদ হাশিমপুর মাদ্রাসা এবং জামাল উদ্দিন আউলিয়াবাগ দাখিল মাদ্রাসার শিক্ষক। আর জমিলাখাতুন পরীক্ষাকেন্দ্রের লিটন মিয়া ও মনসুর আহমদ। পরীক্ষার্থীদের মধ্যে বহিষ্কার হয়েছে রাড়ীকান্দি মাদ্রাসার রাশেদুজ্জামান রোল নং- ২৬৫১১৫, হাশিমপুর মাদ্রাসার ওমর ফারুক রোল নং- ২৬৫০৪৪, সাড়েপাঁচআনি মাদ্রাসার আলমাহমুদ রোল নং ২৬৪৯৩১, রসুলপুর মাদ্রাসার ওমর ফারুক রোল নং- ২৬৪৮৯২, দশানী মাদ্রাসার সাথী আক্তার রোল নং ২৬৫০৭১, ফরাজীকান্দি মাদ্রাসার রকিবুল ইসলাম, রোল নং ২৬৪৯৫২। চরপাথালিয়া উচ্চ বিদ্যালয়ের সাফী আক্তার রোল নং - ৫৮৫৫৫৩।

## নকল সরবরাহের দায়ে চৌদ্দগ্রামে শিক্ষকসহ সাতজনকে অব্যাহতি

**চৌদ্দগ্রাম (কুমিল্লা) সংবাদদাতা জানান,** চলমান এসএসসি পরীক্ষায় কুমিল্লার চৌদ্দগ্রাম এইচ জে পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে গণিত বিষয়ের নকল সরবরাহ ছাড়াও দায়িত্বে অবহেলার দায়ে মঙ্গলবার ছয় শিক্ষকসহ সাতজনকে দায়িত্ব থেকে অব্যাহতি দিয়েছেন কর্তব্যরত ম্যাজিস্ট্রেট। অব্যাহতি প্রাপ্তরা হলেন—চৌদ্দগ্রাম পাইলট বালিকা বিদ্যালয়ের শিক্ষক আবদুল হান্নান, আয়েশা বেগম, শাহনাজ পারভিন, আবদুল বাতেন, বাতিসা বালিকা বিদ্যালয়ের শিক্ষক জহিরুল ইসলাম, চান্দকরা সেকান্তর আলী উচ্চবিদ্যালয়ের শিক্ষক আবদুল হালিম খন্দকার এবং চৌদ্দগ্রাম এইচ জে পাইলট উচ্চবিদ্যালয়ের পিয়ন আবদুল হামিদ।

উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) জাহিদুল ইসলাম বলেন, 'নকল সরবরাহের দায়ে একজনকে আটক করার পর মুচলেখা দিয়ে ছেড়ে দেয়া হয়েছে। এ ছাড়া, কেন্দ্রে দায়িত্বে অবহেলার কারণে ছয় শিক্ষককেও দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়।'

## ধুনটে দুই শিক্ষক বহিষ্কার

**ধুনট (বগুড়া) সংবাদদাতা জানান,** ধুনট এনইউ মডেল পাইলট উচ্চ বিদ্যালয় এসএসসি পরীক্ষা কেন্দ্র থেকে অনিয়মের অভিযোগে পরীক্ষা পরিদর্শকের দায়িত্বে থাকা দুই শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। তারা হলেন গোশাইবাড়ী এএ উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক দুলাল শেখ ও সোনাহাটা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা লিখন আকতার। এই দুই শিক্ষক গতকাল গণিত পরীক্ষায় ১১৬ নং কক্ষে পরীক্ষা পরিদর্শকের দায়িত্বে ছিলেন। ঐ কক্ষের দুই পরীক্ষার্থী রুনি আকতার ও রুবা আকতার দেখাদেখি করতে থাকলে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাফিজুর রহমানের দৃষ্টিগোচর হয়। পরে তিনি দুই ছাত্রীর খাতা নিয়ে পরীক্ষা পরিদর্শকের টেবিলে রেখে পাশের কক্ষে যান এবং এক মিনিট পর ফিরে এসে দেখেন পরিদর্শক দুই ছাত্রীকে খাতা ফেরত দিয়েছেন। অনিয়মের এ অভিযোগে দুই শিক্ষককে পরবর্তী সকল পরীক্ষা থেকে বহিষ্কার করা হয়েছে।